

## তৃতীয় অধ্যায়
# গৃহ ব্যবস্থাপনা

## পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

- **গৃহ ব্যবস্থাপনার ধারণা :** প্রতিটা পরিবারের অনেক লৰ্য বা উদ্দেশ্য থাকে। আর পরিবারের এই লৰ্যগুলো অর্জনের জন্য বিভিন্ন সম্পদ ব্যবহারে পরিকল্পনা, সংগঠন নিয়ন্ত্রণ ও মূল্যায়ন করাকে এক কথায় গৃহ ব্যবস্থাপনা বলে।
- **গৃহ ব্যবস্থাপনার ধাপসমূহ :** গৃহ ব্যবস্থাপনা একটি ধারাবাহিক কর্মপদ্ধতি যা কয়েকটি ধাপে সম্পন্ন হয়। গৃহ ব্যবস্থাপনার ধাপসমূহ হলো– ১. পরিকল্পনা, ২. সংগঠন, ৩. নিয়ন্ত্রণ ও ৪. মূল্যায়ন।
- **পরিকল্পিত কাজ ও এর সুবিধা :** যে কাজ পরিকল্পনার মাধ্যমে করা হয়, তাই পরিকল্পিত কাজ। পরিকল্পনা করে কাজ করলে, ভুল–ত্রবটি কম হয় এবং সময়মতো কাজটা সম্পন্ন হয়। সময়, শক্তি, অর্থ ইত্যাদি সম্পদের সঠিক ব্যবহার হয়। যেকোনো কাজেই সফল হওয়া যায়।
- **অপরিকল্পিত কাজ ও এর অসুবিধা :** পরিকল্পিত কাজের বিপরীত কথাটাই হলো অপরিকল্পিত কাজ। অপরিকল্পিতভাবে কাজ করলে সারাদিন কোনো কাজই সময়মতো শেষ হয় না। সবসময় বিশৃঙ্খলা লেগেই থাকে। সময়, শক্তি, টাকা–পয়সার অপচয় হয়।
- **গৃহ ব্যবস্থাপনায় সিদ্ধান্ত গ্রহণ :** যেকোনো কাজ করার অনেকগুলো পন্থা বা উপায় থাকে। সেগুলোর মধ্য থেকে সবচেয়ে ভালো উপায়টাকে আমরা যখন গ্রহণ করি সেটাই হচ্ছে সিদ্ধান্ত গ্রহণ। এটা কাজ শুরবর আগে প্রথম পদৰেপ। সিদ্ধান্ত গ্রহণ সঠিক হলে লৰ্য অর্জন সহজ হয়।
- **গৃহ ব্যবস্থাপনায় সিদ্ধান্তের ধরন :** গৃহ ব্যবস্থাপনায় সিদ্ধান্ত দুই ধরনের হতে পারে। যথা– ১. একক সিদ্ধান্ত ও ২. দলীয় সিদ্ধান্ত।
- **সিদ্ধান্ত গ্রহণের ধারাবাহিক নিয়ম :** সিদ্ধান্ত গ্রহণ করার কিছু ধারাবাহিক নিয়ম আছে। সেগুলো হচ্ছে– ১. প্রথমে সমস্যাটা বুঝতে হবে এবং সে সম্পর্কে পরিষ্কার ধারণা থাকতে হবে। ২. সমস্যা সমাধানের জন্য কয়েকটা পন্থা বা উপায় খুঁজতে হবে। ৩. পন্থাগুলোর প্রত্যেকটা সম্পর্কে চিন্তা করতে হবে। ৪. যে উপায় বেশি ভালো মনে হবে অর্থাৎ যে উপায় গ্রহণ করলে সমস্যা সহজেই সমাধান করা যাবে সেটা গ্রহণ করতে হবে। ৫. যে উপায় বা পন্থা গ্রহণ করা হলো, সে অনুযায়ী কাজ করতে হবে।

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **কোনটি গৃহব্যবস্থাপনার শেষ ধাপ?**
ক পরিকল্পনা খ নিয়ন্ত্রণ
● মূল্যায়ন ঘ সিদ্ধান্ত গ্রহণ

২. **পরিকল্পিত কাজের সুবিধা হচ্ছে–** [শহীদ বীর উত্তম লে: আনোয়ার গার্লস কলেজ]
i. সময়মতো সব কাজ হয়ে যায়
ii. যখন যা মনে আসে তা করা যায়
iii. সহজেই লৰ্যে পৌঁছানো যায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
● i ও iii ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও।**
লায়লা যেকোনো পারিবারিক কাজ করার পর কাজটির সফলতা বা ব্যর্থতা যাচাই করে। তাই সকলেই তার কাজের প্রশংসা করে।

৩. **লায়লা ব্যবস্থাপনার কোন ধাপটি অনুসরণ করে?**
ক পরিকল্পনা ● মূল্যায়ন গ নিয়ন্ত্রণ ঘ সিদ্ধান্ত গ্রহণ

৪. **পরিকল্পিত কাজের সুবিধা হচ্ছে–**
i. সে পূর্ব অভিজ্ঞতা কাজে লাগায় ii. ভুলত্রবটি সংশোধনে সচেষ্ট থাকে
iii. সময় নিয়ে কাজ করে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ ii ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পাঠ ১ : গৃহ ব্যবস্থাপনার ধারণা ■ পৃষ্ঠা–১৬

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫. **আমাদের আশা, আকাঙ্ক্ষা পূরণ হয় কোথায়?** (জ্ঞান)
● গৃহে খ সমাজে গ স্কুলে ঘ কলেজে

৬. **গৃহ ব্যবস্থাপনার প্রথম ধাপ কোনটি?** [সাতৰীরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক সংগঠন ● পরিকল্পনা গ পর্যালোচনা ঘ নিয়ন্ত্রণ করা

৭. **গৃহ ব্যবস্থাপনার দ্বিতীয় ধাপ কোনটি?** (জ্ঞান)
ক নিয়ন্ত্রণ খ পরিকল্পনা ● সংগঠন ঘ মূল্যায়ন

৮. **কোনো কাজের ফলাফল ভালো না মন্দ তা যাচাই করাকে কী বলে?** [শহীদ বীর উত্তম লে: আনোয়ার গার্লস কলেজ]
ক পর্যালোচনা খ নিয়ন্ত্রণ গ বিশ্লেষণ ● মূল্যায়ন

৯. **গৃহ ব্যবস্থাপনার পদ্ধতিকে কয়টি ধাপে ভাগ করা যায়?** (জ্ঞান)
ক ২ খ ৩ ● ৪ ঘ ৫

১০. **কোনো কাজ সঠিকভাবে করার জন্য কোনটি দরকার হয়?** (জ্ঞান)
ক ইচ্ছা শক্তি খ নিয়ন্ত্রণ ● ব্যবস্থাপনা ঘ বুদ্ধি

১১. **পরিবারের লৰ্যগুলো অর্জনের জন্য বিভিন্ন সম্পদ ব্যবহারে পরিকল্পনা, সংগঠন, নিয়ন্ত্রণ ও মূল্যায়ন করাকে কী বলে?** (জ্ঞান)
ক পরিবার ব্যবস্থাপনা খ সম্পদ ব্যবস্থাপনা
● গৃহ ব্যবস্থাপনা ঘ সংগঠন ব্যবস্থাপনা

১২. **প্রতিটি পরিবারের কী থাকে?** (অনুধাবন)
● লক্ষ্য খ ক্ষোভ গ লোভ ঘ সম্পত্তি

১৩. **গৃহ ব্যবস্থাপনা গৃহের সব কর্মকাণ্ডকে কেমন রাখে?** (অনুধাবন)
ক অগোছালো রাখে ● সচল রাখে
গ এলোমেলো রাখে ঘ নিয়ন্ত্রণ করে

১৪. **নয়ন তার পরিবারের সদস্যদের ইচ্ছে পূরণ করতে চায়। তাদের ইচ্ছে পূরণে নয়নের করণীয় কী?** (উচ্চতর দৰতা)
ক ইচ্ছের পেছনে ছোটা খ অর্থ উপার্জন করা

● বিভিন্ন কাজ করা ঘ ব্যবসা করা

১৫. **রহিমা সফলভাবে একটি কাজ করতে চায়। সে প্রথমে কোন পদ্ধতি অবলম্বন করবে?** (প্রয়োগ)
● পরিকল্পনা ⓚ নিয়ন্ত্রণ ⓖ মূল্যায়ন ⓘ সংগঠন

১৬. **পরিবারের সদস্যরা কেন কাজ করে?** (অনুধাবন)
ক শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্য
খ গৃহকে সুশৃঙ্খল রাখার জন্য
গ সবাই একসাথে বাঁচার জন্য
● পরিবারের লব্য অর্জনের জন্য

১৭. **কোনো কাজ ভবিষ্যতে নির্ভুলভাবে করতে কোনটি প্রয়োজন?** (জ্ঞান)
ক পরিকল্পনা ● মূল্যায়ন গ নিয়ন্ত্রণ ঘ শৃঙ্খলা

১৮. **নিয়ন্ত্রণ প্রয়োজন কেন?** (অনুধাবন)
ক কাজ সহজ করার জন্য খ সুন্দর কাজের জন্য
গ নির্ভুল কাজের জন্য ● পরিকল্পনা বাস্তবায়নের জন্য

১৯. **কাজ, কর্মী ও সম্পদের মধ্যে সমন্বয় সাধন করাকে কী বলে?** (জ্ঞান)
ক পরিকল্পনা ● সংগঠন গ নিয়ন্ত্রণ ঘ মূল্যায়ন

২০. **গৃহ ব্যবস্থাপনা কী?** (জ্ঞান)
ক সৃজনশীল কর্মপদ্ধতি ● ধারাবাহিক কর্মপদ্ধতি
গ বিশেষ কর্মপদ্ধতি ঘ একক কর্মপদ্ধতি

২১. **বিভিন্ন কাজের মধ্যে সংযোগ সাধন করে কোনটি?** (জ্ঞান)
ক পরিকল্পনা ● সংগঠন গ নিয়ন্ত্রণ ঘ মূল্যায়ন

২২. **কোনো কাজ করতে গেলে প্রথমে কী করতে হয়?** (জ্ঞান)
● ভাবনা চিন্তা খ আয়োজন গ অনুশীলন ঘ পর্যবেক্ষণ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৩. **আমাদের গৃহ হওয়া উচিত–** (উচ্চতর দৰতা)
i. শান্তিপূর্ণ ii. বেদনাদায়ক
iii. সুশৃঙ্খল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. **গৃহ ব্যবস্থাপনা –** (অনুধাবন)
i. গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন করা
ii. গৃহ কর্মকান্ড সচল রাখে
iii. ধারাবাহিক কর্মপদ্ধতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

২৫. **নিয়ন্ত্রণ হলো–** (অনুধাবন)
i. গৃহীত পরিকল্পনার বাস্তব রূ প দেওয়া
ii. কাজের মধ্যে সংযোগ সাধন করা
iii. সংগঠনের বিভিন্ন ধারা কার্যকর করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. **যেসব বিষয়ে ভাবনা চিন্তা করার নাম পরিকল্পনা–** (অনুধাবন)
i. কাজটি কেন করা হবে
ii. কাজটি কীভাবে করা হবে
iii. কাজটি কে বা কারা করবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

২৭. **আফজাল সাহেবের পরিবারের সদস্যরা তাদের লব্য অর্জনের জন্য যৌথভাবে কাজ করে। তারা যেসব সম্পদ ব্যবহার করে তা হলো–** (প্রয়োগ)
i. সময়
ii. বুদ্ধি
iii. শ্রম
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**
গৃহ ব্যবস্থাপনার একটি ধাপের মাধ্যমে কোনো কাজের সফলতা বা ব্যর্থতা যাচাই করা হয়। এর ফলে কাজের ভুল ত্রবটিগুলো খুঁজে বের করা যায় এবং পরবর্তীতে এ ব্যাপারে সতর্ক হওয়া যায়।

২৮. **অনুচ্ছেদে গৃহ ব্যবস্থাপনার কোন ধাপটির কথা বলা হয়েছে?** (প্রয়োগ)
ক নিয়ন্ত্রণ খ পরিকল্পনা ● মূল্যায়ন ঘ সিদ্ধান্ত গ্রহণ

২৯. **উক্ত ধাপটি—** (উচ্চতর দৰতা)
i. গৃহ ব্যবস্থাপনার সর্বশেষ ধাপ
ii. গৃহীত পরিকল্পনাকে বাস্তবে রূ প দেয়
iii. ভবিষ্যতে কাজে নির্ভুলতা অর্জনে সহায়ক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## পাঠ ২ : গৃহ ব্যবস্থাপনায় পরিকল্পনার গুরুত্ব ■ পৃষ্ঠা–১৭

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩০. **যে কাজ পরিকল্পনার মাধ্যমে করা হয় তাকে কী বলে?** (জ্ঞান)
ক অনুশীলনীমূলক কাজ খ বাড়ির কাজ
● পরিকল্পিত কাজ ঘ গোছালো কাজ

৩১. **পরিকল্পিত কাজের বিপরীত কথা কী?** (জ্ঞান)
ক কল্পিত কাজ খ কাল্পনিক কাজ
গ বিশৃঙ্খলা কাজ ● অপরিকল্পিত কাজ

৩২. **পরিকল্পনা কেমন হওয়া উচিত?** (অনুধাবন)
ক অলিখিত ● লিখিত গ পঠিত ঘ সুস্পষ্ট

৩৩. **কাজের পরিকল্পনা লিখিতভাবে করতে হয় কেন?** (অনুধাবন)
● মনে থাকার জন্য খ সচেষ্ট থাকার জন্য
গ কাজে মনোযোগের জন্য ঘ কাজের বিন্যাসের জন্য

৩৪. **কোন ধরনের কাজে ভুল ত্রবটি কম হয়?** (জ্ঞান)
ক লিখিত ● পরিকল্পিত কাজে
গ অপরিকল্পিত কাজে ঘ গোছানো কাজে

৩৫. **কিসের মাধ্যমে কোন কাজের পর কোন কাজ করা হবে তা জানা যায়?** (জ্ঞান)
● পরিকল্পনার খ অপরিকল্পনার গ সময়ের ঘ কাজের

৩৬. **সময়, শক্তি, টাকা–পয়সা ইত্যাদি সম্পদের সঠিক ব্যবহার হয় কোন কাজে?** (জ্ঞান)
ক গোছানো ● পরিকল্পিত গ অপরিকল্পিত ঘ সুশৃঙ্খল

৩৭. **কোনটি থাকলে যে কোনো কাজে সফল হওয়া যায়?** (জ্ঞান)
ক মূল্যায়ন খ নিয়ন্ত্রণ গ সংগঠন ● পরিকল্পনা

৩৮. **পরিকল্পিত কাজ সম্বন্ধে নিচের কোন তথ্যটি সঠিক?** (অনুধাবন)
● কাজে কোনো বিশৃঙ্খলা দেখা যায় না
খ কাজ শেষ হতে অনেক সময় লাগে
গ কাজের সফলতা ও ব্যর্থতা জানা যায়
ঘ কাজ নির্ভুলভাবে করা যায়

৩৯. **জাকরিয়া সাহেবের কাজে সময়, শক্তি ও টাকা–পয়সার অপচয় হয়। তিনি কোন ধরনের কাজ করেন?** (প্রয়োগ)
ক পরিকল্পিত খ গোছালো ● অপরিকল্পিত ঘ বিশৃঙ্খল

৪০. **অপরিকল্পিত কাজে কোনটি আসে না?** (জ্ঞান)
ক ক্লান্তি ● সফলতা গ অর্থ ঘ ব্যর্থতা

৪১. **কোনটি ছাড়া জীবনে সফলতা আসে না?** (জ্ঞান)
● লব্য খ অর্থ গ সময় ঘ শক্তি

৪২. **অপরিকল্পিত কাজ সম্বন্ধে নিচের কোন তথ্যটি সঠিক?** (অনুধাবন)
ক কোনো বিশৃঙ্খলা দেখা যায় না খ সময় অপচয় হয় না
● সময়মতো কাজ শেষ হয় না ঘ কাজে ক্লান্তি আসে না

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৩. **অপরিকল্পিত কাজের অসুবিধা–** (অনুধাবন)
i. সময়, শক্তি, অর্থের অপচয় হয়
ii. কাজে সফলতা আসেনা
iii. কাজ সময় মতো শেষ হয় না
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৪৪. **পরিকল্পিত কাজের সুবিধা হলো–** (অনুধাবন)
i. সময়মতো কাজ শেষ হয়
ii. সুশৃঙ্খলভাবে কাজ শেষ হয়
iii. যে কোনো কাজে সফল হওয়া যায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেটি পড়ে ৪৫ ও ৪৬ নং প্রশ্নের উত্তর দাও :**
বুলবুল ৬ষ্ঠ শ্রেণিতে পড়ে। প্রতিদিন সময়মতো সে স্কুলের বাড়ির কাজ করে। সে প্রতিটি কাজ পরিকল্পনা অনুযায়ী করে থাকে। এজন্য বুলবুল শ্রেণিতে ১ম স্থান অধিকার করে।

**৪৫. বুলবুলের পরিকল্পনা কেমন?** (প্রয়োগ)
ক মৌখিক ● লিখিত গ সহজ ঘ কঠিন

**৪৬. বুলবুলের পরিকল্পনার সুবিধা—** (উচ্চতর দৰতা)
i. কোনো বিশৃঙ্খলা দেখা যায় না
ii. সব কাজ সময়মতো সম্পন্ন করা যায়
iii. যে কোনো কাজেই সফল হওয়া যায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## পাঠ ৩ : গৃহ ব্যবস্থাপনায় সিদ্ধান্ত গ্রহণ ■ পৃষ্ঠা–১৯

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪৭. যে কোনো কাজের অনেক পন্থা বা উপায় থেকে সবচেয়ে ভালো উপায়টা গ্রহণ করাকে কী বলে?** (জ্ঞান)
ক মূল্যায়ন খ নিয়ন্ত্রণ ● সিদ্ধান্ত গ্রহণ ঘ পরিকল্পনা

**৪৮. কাজ শুরুর আগে প্রথম পদৰেপ কোনটি?** (জ্ঞান)
ক মনোবল ● সিদ্ধান্ত গ্রহণ গ সদিচ্ছা ঘ লৰ্য নির্ধারণ

**৪৯. সময় ও কাজের প্রয়োজনে আমাদের প্রায়ই কী করতে হয়?** (জ্ঞান)
● নতুন সিদ্ধান্ত গ্রহণ খ নতুন লৰ্য নির্ধারণ
গ নতুন নিয়ন্ত্রণ ঘ নতুন মূল্যায়ন

**৫০. ছোট সমস্যার সমাধানে নিজে নিজে যে সিদ্ধান্ত নেয়া হয় তাকে কী বলা হয়?** (জ্ঞান)
ক দলীয় সিদ্ধান্ত ● একক সিদ্ধান্ত
গ নতুন সিদ্ধান্ত ঘ ছোট সিদ্ধান্ত

**৫১. পরিবারের সব সদস্য মিলে যে সিদ্ধান্ত নেয় তাকে কী বলে?** (জ্ঞান)
ক সঠিক সিদ্ধান্ত খ পারিবারিক সিদ্ধান্ত
গ একক সিদ্ধান্ত ● দলীয় সিদ্ধান্ত

**৫২. সিদ্ধান্ত গ্রহণ সঠিক হলে সঠিক লৰ্য অর্জন কেমন হয়?** (জ্ঞান)
● সহজ খ জটিল গ বাস্তব ঘ অবাস্তব

**৫৩. সিদ্ধান্তকে অবশ্যই কীসে পরিণত করতে হবে?** (জ্ঞান)
ক পরিকল্পনায় খ সমাধানে গ ব্যবস্থাপনায় ● কাজে

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫৪. সিদ্ধান্ত গ্রহণের ধারাবাহিক নিয়ম হলো—** (অনুধাবন)
i. সমস্যা সম্পর্কে পরিষ্কার ধারণা থাকা
ii. উপায় বা পন্থা অনুযায়ী কাজ না করা
iii. সবচেয়ে ভালো উপায়কে গ্রহণ করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৫৫. দলীয় সিদ্ধান্তের ৰেত্রে সঠিক বাক্যটি হলো—** (অনুধাবন)
i. পরিবারের সব সদস্যের আলোচনা থাকে
ii. অনেকের মতামত পাওয়া যায়
iii. সমস্যা সমাধানের অনেক পথ জানা যায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫৬ ও ৫৭নং প্রশ্নের উত্তর দাও :**
ইউসুফ সাহেব ঢাকায় থাকেন। এবারের ঈদের ছুটিতে কোথায় ঈদ করবেন তা নিয়ে চিন্তায় পড়ে গেলেন। পরিবারের অন্য সদস্যরা চাইছে গ্রামের বাড়িতে ঈদ করতে। ইউসুফ সাহেবের স্ত্রী অসুস্থ থাকায় তিনি ঢাকায় ঈদ করতে আগ্রহী। অবশেষে ইউসুফ সাহেব ও তার পরিবার গ্রামের বাড়িতে ঈদ করার সিদ্ধান্ত নিলেন।

**৫৬. উদ্দীপকে গৃহীত সিদ্ধান্তকে কোন সিদ্ধান্ত বলা যায়?** (প্রয়োগ)
ক একক সিদ্ধান্ত খ সঠিক সিদ্ধান্ত
● দলীয় সিদ্ধান্ত ঘ ভুল সিদ্ধান্ত

**৫৭. উক্ত সিদ্ধান্ত গ্রহণ করার ফলে—** (উচ্চতর দৰতা)
i. পরিবারের সবার মতামত পাওয়া যায়
ii. সমস্যা সমাধানের অনেক পথ জানা যায়
iii. ছোট সদস্যদের মতামতকে প্রাধান্য দেওয়া হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
লামিয়া ও লতিফ একই শ্রেণিতে পড়ে। লামিয়া প্রতিদিন রুটিন অনুযায়ী বই খাতা নিয়ে স্কুলে যায়। অপরদিকে লতিফ ক্লাস অনুযায়ী বই না আনার জন্য সে ক্লাসে শিৰকের নির্দেশনা সঠিকভাবে অনুসরণ করতে পারে না।

ক. গৃহ ব্যবস্থাপনার প্রথম ধাপ কোনটি?
খ. অপরিকল্পিত কাজ বলতে কী বুঝায়?
গ. লামিয়ার স্বভাবে ব্যবস্থাপনার কোন ধাপের প্রতিফলন লৰ করা যায়, ব্যাখ্যা কর।
ঘ. লতিফের স্বভাব তার সফলতা লাভের পথে অন্তরায়–বুঝিয়ে লেখ।

### ১নং প্রশ্নের উত্তর

ক. গৃহ ব্যবস্থাপনার প্রথম ধাপ হলো পরিকল্পনা।

খ. কাজ নিয়ে কোনো চিন্তাভাবনা ছাড়া যখন যা মনে আসে সে অনুযায়ী কাজ করলে তাকে অপরিকল্পিত কাজ বলে। অর্থাৎ পরিকল্পিত কাজের বিপরীত কথাই হলো অপরিকল্পিত কাজ। পরিকল্পনা ছাড়া কোনো কাজ সঠিক সময়ে সম্পন্ন করা যায় না। তাই সফলতাও আসে না।

গ. লামিয়ার স্বভাবে ব্যবস্থাপনার প্রথম ধাপ তথা পরিকল্পনার প্রতিফলন লৰ করা যায়। কোনো কাজ করার আগে কাজটি কখন করা হবে, কেন করা হবে, কোথায় করা হবে, কে বা কারা করবে ইত্যাদি বিষয় আগে থেকে ভাবাই পরিকল্পনা। পরিকল্পনা করে কাজ করলে ভুল ত্রবটি কম হয় এবং সময়মতো কাজটা সম্পন্ন হয়। লামিয়া প্রতিদিন পরবর্তী দিনের জন্য কাজের পরিকল্পনা করে। এরই একটি অংশ হিসেবে বই, খাতা, কলম ও অন্যান্য উপকরণ ক্লাস রবটিন অনুযায়ী গুছিয়ে নেয়। এতে করে সে সহজেই শিৰকের নির্দেশনা সঠিকভাবে অনুসরণ করতে পারে। সুতরাং, বলা যায় লামিয়ার স্বভাবে ব্যবস্থাপনার পরিকল্পনার প্রতিফলন লৰ করা যায়।

ঘ. লতিফের স্বভাব তার সফলতা লাভের পথে অন্তরায়। সে কাজ নিয়ে কোনো চিন্তাভাবনা না করে অপরিকল্পিতভাবে কাজ করে। তার কোনো কাজই সময় মতো শেষ হয় না। সব কাজে বিশৃঙ্খলা লেগে থাকে। কোন কাজের পর কোনটা করতে হবে তা জানা যায় না। এ ৰেত্রে সময়, শক্তি অপচয় হয়। উদ্দীপকে লতিফের এই স্বভাবটিই ফুটে ওঠেছে। সে স্কুলে যাওয়ার পূর্বে স্কুলের প্রয়োজনীয় বই সম্পর্কে কোনো চিন্তা করে না। তাই সে ক্লাস অনুযায়ী বই গুছিয়ে আনে না। ফলে শিৰকের নির্দেশ ঠিকমতো

অনুসরণ করতে পারে না। পঠিত বিষয় ভালোভাবে আয়ত্ত করতে পারে না। অর্থাৎ পরিকল্পনা করা না থাকায় তার কাজে অসুবিধা হয়। সে সঠিকভাবে কোনো কাজ করতে পারে না। এভাবে কাজ করলে লতিফ কখনই সফলতা লাভ করতে পারবে না। তাই বলা যায়, লতিফ তার স্বভাবের কারণেই সকল কাজে ব্যর্থ হয়।

**প্রশ্ন –২ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

দীপাদের স্কুল থেকে এবারে শিৰা সফরে সুন্দরবনে যাওয়ার সিদ্ধান্ত হয়। শিৰার্থীদের মধ্যে কেউ যেতে চায় বাসে কেউ লঞ্চে। বাসে কারো কারো অসুবিধা কেউবা আবার আরামদায়কভাবে চারপাশের প্রাকৃতিক দৃশ্য দেখতে দেখতে যেতে চায়। শিৰক তাদের সময় ও অর্থের দিক চিন্তা না করে শিৰা সফরটা উপভোগ করার জন্য সিদ্ধান্ত নিতে বললেন। পরবর্তীতে শিৰার্থীরা শিৰক–শিৰিকাদের সাথে লঞ্চে সুন্দরবন রওনা হলো।

?
ক. আমাদের 'সব আশা আকাঙ্ক্ষা' কোথায় পূরণ হয়?
খ. পরিকল্পনা বলতে কী বুঝায়?
গ. শিৰার্থীরা কোন ধরনের সিদ্ধান্ত নিল? ব্যাখ্যা কর।
ঘ. সিদ্ধান্ত গ্রহণের ৰেত্রে দীপা ও তার সহপাঠীরা ধাপগুলো সঠিকভাবে অনুসরণ করেছে– বুঝিয়ে লিখ।

### ২নং প্রশ্নের উত্তর

ক. আমাদের সব আশা আকাঙ্ক্ষা গৃহে পূরণ হয়।

খ. গৃহ ব্যবস্থাপনার ধারাবাহিক কর্মপদ্ধতির প্রথম ধাপ পরিকল্পনা। যে কোনো কাজ করতে হলে আগে কাজটি কেন করা হবে, কীভাবে করা হবে, কে বা কারা করবে ইত্যাদি সম্বন্ধে ভাবনাচিন্তা করার নামই পরিকল্পনা। পরিকল্পনা অনুযায়ী কাজ করলে কাজে সফলতা লাভ করা যায়।

গ. শিৰার্থীরা সুন্দরবনে যাওয়ার জন্য যে সিদ্ধান্ত নিল তা হলো দলীয় সিদ্ধান্ত। সবার সাথে আলোচনার মাধ্যমে যে সিদ্ধান্ত নেয়া হয় তাই দলীয় সিদ্ধান্ত। এ ধরনের সিদ্ধান্তে অনেকের মতামতের মাধ্যমে সবচেয়ে ভালো উপায় বেছে নিয়ে সমস্যার সমাধান করা যায়। উদ্দীপকে শিৰাসফরে যাওয়া নিয়ে শিৰার্থীদের মধ্যে সমস্যা দেখা দেয়। কেউ বাসে যেতে চায়, আবার কেউ লঞ্চে যেতে চায়। অবশেষে শিৰার্থীরা শিৰক ও শিৰিকাদের সাথে তাদের সুবিধা–অসুবিধা ও ইচ্ছা সম্পর্কে আলোচনা ও পরামর্শ করে সকলের উপযোগী একটি সমাধান গ্রহণ করে। তারা সবাই মিলে লঞ্চে যাওয়ার সিদ্ধান্ত নেয়। সিদ্ধান্তটি যেহেতু অনেকের মতামত ও পরামর্শের ভিত্তিতে নেয়া হয়েছে তাই এটি একটি দলীয় সিদ্ধান্ত।

ঘ. কোনো কাজের সফলতা নির্ভর করে সঠিক সময়ে ঐ কাজটির সিদ্ধান্ত গ্রহণের ওপর। সিদ্ধান্ত গ্রহণের কিছু ধারাবাহিক নিয়ম আছে। উদ্দীপকে দীপা ও তার সহপাঠীরা সুন্দরবনে যাওয়ার সিদ্ধান্ত গ্রহণে কিছু ধারাবাহিক নিয়মাবলি অনুসরণ করেছে। তারা প্রথমে সমস্যা সম্পর্কে পরিষ্কার ধারণা নেয়। সুন্দরবনে যাওয়ার জন্য যাতায়াতের মাধ্যম খুঁজে বের করার চেষ্টা করে। তারা দুইটি উপায় খুঁজে পায়। একটি বাস অন্যটি লঞ্চ। এগুলোতে যাওয়ার সুবিধা অসুবিধা নিয়ে তারা চিন্তা করে। তারপর তারা লঞ্চটিকে সহজ ও আনন্দদায়ক যানবাহন হিসেবে বিবেচনা করে। অবশেষে তারা লঞ্চে শিৰক–শিৰিকাদের সাথে সুন্দরবনে রওনা হলো। এভাবেই তারা বিভিন্ন ধাপ অনুসরণের মধ্য দিয়ে তাদের সিদ্ধান্তটি কাজে পরিণত করল। তাই বলা যায়, উদ্দীপকে উলিৱখিত সিদ্ধান্ত গ্রহণের ৰেত্রে দীপা ও তার সহযোগীরা সিদ্ধান্ত গ্রহণের ধাপগুলো সঠিকভাবে অনুসরণ করেছে।

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –৩ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

আবিরের খুব জ্বর। কিন্তু তার স্কুলে বার্ষিক পরীৰা চলছে। তার শারীরিক অবস্থার কথা ভেবে পরিবারের সবাই তাকে স্কুলে যেতে নিষেধ করল। কিন্তু আবির তার সিদ্ধান্তে অটল এবং সে পরীৰা দিল। পরীৰায় আবির খুব ভালো ফলাফল করল। পরিবারের সবাই খুব খুশি হলো। আবির মনে করে, সঠিক সিদ্ধান্ত নিতে পারলে এবং সে অনুযায়ী কাজ করলে অবশ্যই সফল হওয়া যায়।

?
ক. দলীয় সিদ্ধান্ত কাকে বলে? ১
খ. দলীয় সিদ্ধান্তের উপকারিতা কী? ২
গ. আবিরের সিদ্ধান্তটি কোন ধরনের সিদ্ধান্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. আবিরের সর্বশেষ মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

ক. পরিবারের ছোট–বড় সবার সাথে পরামর্শের ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়াকে দলীয় সিদ্ধান্ত বলে।

খ. দলীয় সিদ্ধান্তের উপকারিতা অনেক। দলীয় সিদ্ধান্তের মাধ্যমে আমরা বিভিন্ন জনের নিকট থেকে বিভিন্ন মতামত পাই। যার ফলে সমস্যা সমাধানের অনেক পথও জানা যায়। যেগুলো থেকে পরামর্শের ভিত্তিতে যে কোনো একটি সিদ্ধান্তে উপনীত হওয়া যায়।

গ. আবিরের সিদ্ধান্তটি একক সিদ্ধান্ত। মানুষ প্রতিদিন নানা সমস্যার মুখোমুখি হয়। এসব সমস্যা সমাধানের জন্য সঠিক উপায় খুঁজে বের করতে হয়। ছোট সমস্যায় পড়লে বা অবস্থার পরিবর্তনে কোনো একজন একা সমস্যা সমাধানের জন্য যে সিদ্ধান্ত নিয়ে থাকে সেটাই একক সিদ্ধান্ত। উদ্দীপকে আবিরের খুব জ্বর থাকার কারণে পরিবারের সবাই তাকে পরীৰা দিতে নিষেধ করার পরেও সে তার একক সিদ্ধান্তে বার্ষিক পরীৰায় অংশ নেয় এবং ভালো ফলাফল করে। এতে তার পরিবারের সবাই খুশি হয়। যেহেতু সমস্যাটি খুব বেশি জটিল নয় এবং আবির তা সমাধানে একা সিদ্ধান্ত নিয়েছে তাই তার সিদ্ধান্তটি একক সিদ্ধান্ত।

ঘ. আবিরের সর্বশেষ মন্তব্যটি হলো, সঠিক সিদ্ধান্ত নিতে পারলে এবং সে অনুযায়ী কাজ করলে অবশ্যই সফল হওয়া যায়। তার এ মন্তব্যটি যথার্থ। কেননা যে কোনো কাজ করার অনেকগুলো পন্থা বা উপায় থাকে। সেগুলোর মধ্যে যে উপায় গ্রহণ করলে সমস্যা সহজেই সমাধান করা যাবে সেটা গ্রহণ করা উচিত। সিদ্ধান্ত গ্রহণ দুই রকম হতে পারে। সমস্যা যদি ছোট হয় তাহলে নিজে নিজে সিদ্ধান্ত নেয়া যায় যাকে একক সিদ্ধান্ত বলে। আর সমস্যা যদি জটিল হয় সেৰেত্রে পরিবারে ছোট–বড় সব সদস্যের সাথে পরামর্শ করে সিদ্ধান্ত নেয়া যায়। এখানে অনেকের মতামত পাওয়া যায়। কিন্তু সিদ্ধান্ত গ্রহণ যে রকমই হোক না কেন তা সঠিক হতে হবে। সঠিক সিদ্ধান্ত নিতে পারলে এবং সে অনুযায়ী কাজ করলে যে কোনো মানুষই সফল হতে পারে। আবির যদি সঠিক সিদ্ধান্ত না নিত তাহলে তার পরীৰায় ভালো ফলাফল সম্ভব হতো না। তার কাছে পরীৰায় অংশগ্রহণ করা সঠিক সিদ্ধান্ত বলে মনে হয়েছে এবং সে ভালো ফলাফলও করেছে। তাই বলা যায়, আবিরের মন্তব্যটি সঠিক।

**প্রশ্ন –৪ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সোমার মা একজন প্রাথমিক বিদ্যালয়ের শিৰিকা। সোমা তার একমাত্র মেয়ে। তার স্বপ্ন সোমাকে ডাক্তারি পড়ানো। তিনি তার এ স্বপ্নকে

বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছেন এবং বাস্তবায়নের বিভিন্ন পদৰেপও নিয়েছেন।

ক. মূল্যায়ন কী? ১
খ. গৃহ ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২
গ. সোমার মায়ের উদ্দেশ্য পূরণে গৃহীত ধাপগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'সোমার মায়ের স্বপ্ন পূরণে মূল্যায়ন ধাপটি অনুপস্থিত'– মন্তব্যটি যাচাই কর। ৪

### ৪নং প্রশ্নের উত্তর

ক. কাজের ফলাফল ভালো না মন্দ তা যাচাই করাকে মূল্যায়ন বলে।

খ. পারিবারিক লৰ্য অর্জনের জন্য বিভিন্ন সম্পদ ব্যবহারে পরিকল্পনা, সংগঠন, নিয়ন্ত্রণ ও মূল্যায়ন করাকে এক কথায় গৃহ ব্যবস্থাপনা বলে। পরিবারের সকল চাহিদা পূরণ করা সম্ভব হয় সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে। গৃহ ব্যবস্থাপনাকে পরিবারের প্রশাসনিক দিক বলা হয়। গৃহ ও সম্পদের সঠিক ব্যবহারের মাধ্যমে কাঙ্ক্ষিত লৰ্য অর্জন করাই হলো গৃহ ব্যবস্থাপনার মূল উদ্দেশ্য।

গ. সোমার মায়ের উদ্দেশ্য পূরণে গৃহীত ধাপগুলো হলো পরিকল্পনা, সংগঠন ও নিয়ন্ত্রণ। যে কোনো কাজ করতে হলে আগে কাজটি কেন করা হবে, কীভাবে করা হবে, কে করবে ইত্যাদি সম্বন্ধে চিন্তাভাবনা করার নামই পরিকল্পনা। কাজ, কর্মী ও সম্পদের মধ্যে সমন্বয় সাধন করাই হলো সংগঠন। গৃহীত পরিকল্পনাকে বাস্তবে রূ প দেওয়ার জন্য নিয়ন্ত্রণের প্রয়োজন। উদ্দীপকে সোমার মায়ের স্বপ্ন মেয়েকে ডাক্তারি পড়ানো। তিনি পরিকল্পনা ধাপ অনুযায়ী কীভাবে, কেন মেয়েকে ডাক্তার বানাবেন তা নিয়ে চিন্তাভাবনা করেছেন। সংগঠন ধাপ অনুযায়ী বিভিন্ন কাজের মধ্যে সংযোগ সাধন করেছেন। নিয়ন্ত্রণ ধাপ অনুযায়ী তার গৃহীত পরিকল্পনা বাস্তবে রূ প দানের জন্য মেয়েকে সক্রিয়ভাবে কাজে অংশগ্রহণ করতে সহায়তা করেন। এভাবে সোমার মা তার উদ্দেশ্য পূরণে পরিকল্পনা, সংগঠন ও নিয়ন্ত্রণ ধাপ গ্রহণ করেন।

ঘ. উদ্দীপকে সোমার মায়ের স্বপ্ন পূরণে মূল্যায়ন ধাপটি অনুপস্থিত।—এই মন্তব্যটি যথার্থ। কেননা মূল্যায়ন হলো গৃহ ব্যবস্থাপনার সর্বশেষ ধাপ যেখানে কাজের ফলাফল ভালো না মন্দ তা যাচাই করা হয়। কাজটির সফলতা বা ব্যর্থতা মূল্যায়ন করার ফলেই বোঝা যায়। ফলে ভবিষ্যতে কাজটি সহজেই নির্ভুলভাবে করা যায়। সোমার মা তার স্বপ্ন পূরণের জন্য মেয়েকে ডাক্তার বানাতে চান। এজন্য তিনি গৃহ ব্যবস্থাপনার প্রথম তিনটি ধাপ অনুযায়ী প্রথমে পরিকল্পনা করেছেন। তারপর সংগঠন অনুযায়ী বিভিন্ন কাজের মধ্যে সমন্বয় সাধন করেছেন এবং তৃতীয় ধাপ নিয়ন্ত্রণ অনুযায়ী পরিকল্পনা বাস্তবে রূ প দেওয়া ও সংগঠনের বিভিন্ন ধারাকে কার্যকর করার চেস্টা করেছেন। কিন্তু সোমা পরিশেষে ডাক্তার হতে পেরেছে কিনা এ ব্যাপারে উদ্দীপকে উলেৰখ করা হয়নি। তার কাজটির সর্বশেষ ফলাফল জানানো হয়নি। অর্থাৎ মূল্যায়ন ধাপটি আলোচনায় আসেনি। তাই প্রশ্নের মন্তব্যটি সঠিক।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন –৫ ▸** মিসেস রৰমা সুষ্ঠু ও যথোপযুক্ত গৃহ সম্পদের ব্যবস্থাপনার মাধ্যমে সৃষ্টি করেন তার আকাঙ্ক্ষিত গৃহ পরিবেশ। তিনি পরিকল্পনা করে কাজ করেন বলে কাজ কোথায়, কখন, কবে ও কীভাবে হবে সে সম্পর্কে পূর্বে জ্ঞাত থাকেন। তিনি গৃহ ব্যবস্থাপনার সকল ধাপ অনুসরণ করে তার লৰ্য অর্জনে সফল হন।

ক. গৃহের সকল কর্মকান্ডকে সচল রাখে কোনটি? ১
খ. গৃহ ব্যবস্থাপনা বলতে কী বোঝ? ২
গ. পরিকল্পনা ধাপটি মিসেস রৰমার কাজকে কীভাবে সহজ করে? বর্ণনা কর। ৩
ঘ. মিসেস রৰমার পারিবারিক লৰ্য অর্জনে সফলতা লাভের উপায় আলোচনা কর। ৪

**প্রশ্ন –৬ ▸** স্বপ্না একটি প্রাথমিক বিদ্যালয়ের শিৰিকা। দুই ছেলে মেয়ে, স্বামী, শ্বশুর ও শাশুড়ি নিয়ে তার সংসার। পরিবারের ছোটখাটো কাজ তিনি একাই করেন। সংসারে তার কাজের জন্য একটি ফ্রিজ কেনা প্রয়োজন হলো। তাই তিনি স্বামী, শ্বশুর, শাশুড়িকে নিয়ে আলোচনা করলেন।

ক. কোনো কাজ শুরৰর প্রথম পদৰেপ কী? ১
খ. দলীয় সিদ্ধান্ত বলতে কী বোঝ? ২
গ. স্বপ্না সিদ্ধান্ত গ্রহণের ৰেত্রে যে নিয়মগুলো অনুসরণ করেন তার বর্ণনা দাও। ৩
ঘ. দলীয় সিদ্ধান্তের মাধ্যমে সঠিক সমাধান পাওয়া যায়– উদ্দীপকের আলোকে তা বিশেৰষণ কর। ৪

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ সঠিকভাবে কাজ সম্পন্ন করার জন্য কী দরকার?**
**উত্তর :** সঠিকভাবে কাজ সম্পন্ন করার জন্য ব্যবস্থাপনা দরকার।

**প্রশ্ন ॥ ২ ॥ গৃহ ব্যবস্থাপনার ধাপ কয়টি?**
**উত্তর :** গৃহ ব্যবস্থাপনার ধাপ ৪টি।

**প্রশ্ন ॥ ৩ ॥ সংগঠন কী?**
**উত্তর :** কাজ, কর্মী ও সম্পদের মধ্যে সমন্বয় সাধন করাই হলো সংগঠন।

**প্রশ্ন ॥ ৪ ॥ পরিকল্পিত কাজ কাকে বলে?**
**উত্তর :** যে কাজ পরিকল্পনার মাধ্যমে করা হয় তাকে পরিকল্পিত কাজ বলে।

**প্রশ্ন ॥ ৫ ॥ মূল্যায়ন কী?**
**উত্তর :** কাজের ফলাফল ভালো না মন্দ তা যাচাই করাই মূল্যায়ন।

**প্রশ্ন ॥ ৬ ॥ সিন্ধান্ত কয় রকমের হতে পারে?**
**উত্তর :** সিদ্ধান্ত ২ রকমের হতে পারে।

**প্রশ্ন ॥ ৭ ॥ একক সিদ্ধান্ত কাকে বলে?**
**উত্তর :** নিজে সমাধানের জন্য গৃহীত সিদ্ধান্তকে একক সিদ্ধান্ত বলে।

## ● ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

**প্রশ্ন ॥ ১ ॥ মূল্যায়ন বলতে কী বোঝ?**

**উত্তর :** গৃহ ব্যবস্থাপনা পদ্ধতির সর্বশেষ ধাপের নাম মূল্যায়ন। কাজের ফলাফল ভালো না মন্দ তা যাচাই করাই মূল্যায়ন। কাজটির সফলতা বা ব্যর্থতা, মূল্যায়ন করার ফলেই বোঝা যায়। ফলে ভবিষ্যতে কাজটি সহজেই নির্ভুলভাবে করা যায়।

**প্রশ্ন ॥ ২ ॥ পরিকল্পিত কাজের সুবিধাগুলো লেখ।**

**উত্তর :** যে কাজ পরিকল্পনার মাধ্যমে করা হয়, তাই পরিকল্পিত কাজ। পরিকল্পনা করে কাজ করলে কোন কাজের পর কোন কাজ করা হতে তা জানা যায়, ভুল ত্রবটি কম হয় এবং সময়মতো কাজটা সম্পন্ন করা যায়। এছাড়াও পরিকল্পনা করে কাজ করলে সময়, শক্তি, টাকা-পয়সা ইত্যাদি সম্পদের সঠিক ব্যবহার হয় এবং কাজে সফলতা আসে। ।

**প্রশ্ন ॥ ৩ ॥ অপরিকল্পিত কাজের অসুবিধাগুলো লেখ।**

**উত্তর :** অপরিকল্পিত কাজের অনেক অসুবিধা রয়েছে। অপরিকল্পিতভাবে কাজ করলে সারাদিন কী কী কাজ করতে হবে, কোনো কাজের পর কোনটা করতে হবে, তা জানা যায় না এবং কোনো কাজই সময় মতো শেষ করা যায় না। ফলে কাজে সফলতা আসে না। তাছাড়া অপরিকল্পিতভাবে কাজ করলে সময়, শক্তি, টাকা পয়সার অপচয় হয় এবং সবসময় বিশৃঙ্খলা লেগেই থাকে।